দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 29 OCT 1988
পৃষ্ঠা 1 কলাম 2

003

স্টাফ কলেজে ভিত্তি স্থাপন অনুষ্ঠানে প্রেসিডেন্ট

# ইসলামের শিক্ষা সামাজিক শৃংখলা নিশ্চিত করবে

প্রেসিডেন্ট হুসেইন মুহম্মদ এরশাদ বলেন, জীবনের সর্বক্ষেত্রে ইসলামের শিক্ষা এবং বিশ্বনবী হজরত মোহাম্মদের (দঃ) আদর্শ অনুসরণ জাতীয় অগ্রগতি ও সমৃদ্ধি অর্জনের জন্য প্রয়োজনীয় সামাজিক শৃংখলা নিশ্চিত করবে।

প্রেসিডেন্ট শুক্রবার মীরপুরে প্রতিরক্ষা সার্ভিস কম্যান্ড ও স্টাফ কলেজ মসজিদের ভিত্তি প্রস্তর স্থাপনকালে বলেন, ব্যক্তি ও জাতীয় জীবনে সাফল্য অর্জনের জন্য ইসলামের পথনির্দেশ আমাদের উত্তরোত্তর এগিয়ে চলার শক্তি ও অনুপ্রেরণা যোগাবে।

তিনি বলেন, ইসলামের সূচনাকালে জনগণের সামাজিক জীবন ও প্রশাসন মসজিদ ঘিরে পরিচালিত হত। সেই অনুশীলন থেকে বিচ্যুতির ফলে আমরা সমস্যার মোকাবিলা করছি। আমরা ইসলামকে রাষ্ট্র ধর্ম করেছি। সুতরাং কল্যাণ অর্জনের জন্য আমাদের অবশ্যই ইসলামের আদর্শ অনুসরণের প্রচেষ্টা চালাতে হবে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, ইসলাম তার অনুসারীদের ধৈর্যশীল হতে শিখিয়েছে এবং আমাদের নবীও (দঃ) কঠোর দুঃখ-দুর্দশার সময় চরম ধৈর্যের পরিচয় দিয়েছেন। সাফল্য অর্জন করতে এসব দৃষ্টান্ত থেকে আমাদের

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## নিশ্চিত করবে

(প্রথম পৃঃ পর)

শিক্ষা গ্রহণ এবং আমাদের জীবনে এসবের অনুশীলন করা উচিত।

প্রেসিডেন্ট বলেন, ইসলাম সমাজ থেকে দারিদ্র দূর করতে আমাদের পথ নির্দেশ দিয়েছে। আমরা যদি এসব পথনির্দেশ অনুসরণ করি এবং জাকাতের নীতিমালা মেনে চলি ও প্রতিবেশীদের প্রতিপালনের দায়িত্ব ভার গ্রহণ করি তাহলে সমাজে কোন দরিদ্র থাকতে পারে না।

তিনি কলেজ কর্তৃপক্ষকে শিশুদের পবিত্র কোরান পাঠ এবং সেই সঙ্গে ইসলামের শিক্ষা ও রসুলের (দঃ) আদর্শ শেখাতে মসজিদ সংলগ্ন একটি মক্তব স্থাপনের নির্দেশ দেন। এটা তাদের যোগ্য নাগরিক হিসাবে গড়ে তুলতে সাহায্য করবে।

প্রেসিডেন্ট এরশাদ বলেন, স্কুলের ছেলেমেয়েরা যাতে ইসলামের সত্যিকার বাণী লাভ করতে পারে সেজন্য তিনি ইসলামিক ফাউন্ডেশনকে ইসলাম ও রসুলের (দঃ) জীবনীর উপর বই ছাপাতে এবং তা তাদের মধ্যে বিতরণের নির্দেশ দিয়েছেন।

তিনি বলেন, বন্যার সময় দুর্গত মানবতার সেবার জন্য জাতি সশস্ত্র বাহিনীর নিকট কৃতজ্ঞ।